# লংমার্চে বাধা দিলে জনগণের রোষানলে পড়তে হবে: গোলাম পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

**১১ দলের ঢাকা-চট্টগ্রাম অভিমুখী লংমার্চকে কেন্দ্র করে কোনো প্রতিকূল পরিস্থিতি তৈরির চেষ্টা করা হলে সরকারকে জনগণের রোষের মুখে পড়তে হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, লংমার্চ নিয়ে সরকার কোনো অপরিণামদর্শী সিদ্ধান্ত নেবে না বলেই তারা আশা করছেন।**

শুক্রবার (৪ সেপ্টেম্বর) সকালে রাজধানীর মগবাজারে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ে ১১ দলের লংমার্চ উপলক্ষে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন।

গোলাম পরওয়ার বলেন, সরকার উৎখাতের উদ্দেশ্যে নয়, জনগণের গণরায় বাস্তবায়নের লক্ষ্যেই ঢাকা থেকে চট্টগ্রাম অভিমুখে এই লংমার্চের আয়োজন করা হয়েছে। গণতন্ত্রের স্বার্থে বিরোধীদলের এই কর্মসূচি পালনে সরকারের সহযোগিতা করা উচিত বলেও মন্তব্য করেন তিনি।

লংমার্চকে কেন্দ্র করে জনগণের জানমালের কোনো ক্ষতি হবে না বলে আশ্বস্ত করে তিনি জানান, কর্মসূচি নিয়ে পুলিশের মহাপরিদর্শকের সঙ্গে তাদের আলোচনা হয়েছে। সেখানে লংমার্চের বিস্তারিত পরিকল্পনা জানানো হয়েছে এবং প্রশাসনের সহযোগিতা চাওয়া হয়েছে। পুলিশ প্রশাসনের কাছ থেকে প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া যাবে বলেও আশা প্রকাশ করেন তিনি।

লংমার্চের কর্মসূচি তুলে ধরে জামায়াতের সেক্রেটারি জেনারেল বলেন, সকাল ৭টায় শাপলা চত্বরে উদ্বোধনী জনসভা শুরু হবে এবং সকাল ৮টা পর্যন্ত তা চলবে। সমাবেশ শেষে অংশগ্রহণকারীরা চট্টগ্রামের লালদীঘি ময়দানের উদ্দেশে যাত্রা করবেন। লংমার্চে ১১ দলের শীর্ষ নেতারা বক্তব্য দেবেন বলেও জানান তিনি।

গোলাম পরওয়ার আরও বলেন, বিরোধীদলের রাজনৈতিক কর্মসূচির প্রতি সরকার কতটা পরমতসহিষ্ণু, তা প্রমাণেরও সুযোগ এসেছে এই লংমার্চকে ঘিরে।